

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা।
ইমেইল: section7@lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০২০.৭২-৮০

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৪ জুন ২০২৬

বিষয়ঃ মাদারীপুর জেলার শিবচর উপজেলার দ্বিতীয় খন্ড ইউনিয়ন এবং শিবচর পৌরসভার ০৪ ও ০৫ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ শাহ আলম এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ শাহ আলম মাদারীপুর জেলার শিবচর উপজেলার দ্বিতীয় খন্ড ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার হিসেবে কর্মরত থাকার তথ্য গোপনপূর্বক এবং স্থায়ী ঠিকানা বিষয়ে তথ্যের মিথ্যা বর্ণনা প্রদান করে পুনরায় গত ০১/০৮/২০১৬ খ্রি. তারিখে বিচার-৭/২এন-২০/৭২-৩৭৪ নং আরকে শিবচর পৌরসভার ০৪ ও ০৫ নং ওয়ার্ডের নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স হাঙ্গুল করতঃ বিধিবিহীনভাবে দুটি লাইসেন্স ব্যবহার করে উভয় অধিক্ষেত্রে ৯ বছরেরও অধিক সময় ধরে বিবাহ নিবন্ধন কার্যক্রম পরিচালনা করার বিষয়টি দালিলিক সাক্ষ্যের ভিত্তিতে সন্দেহাতীত ভাবে প্রমাণিত হওয়ায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১(১) অনুযায়ী অসদাচরণ হিসেবে গণ্য হওয়ায় তার নামীয় গত ১১/০৪/২০০৪ খ্রি. তারিখে ৩৬৪-বিচার-৭/২এন-১৬০/৭৭ নং আরকের এবং গত ০১/০৮/২০১৬ খ্রি. তারিখে বিচার-৭/২এন-২০/৭২-৩৭৪ নং আরকের উভয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

একইসাথে অধিক্ষেত্র দুটি শূন্য ঘোষণাপূর্বক অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন (সনিকটবর্তী) অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারদ্বয়কে বিধি মোতাবেক উক্ত দুটি অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ শাহ আলম এর নিকট হতে উভয় অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রার সংক্রান্ত বাল্য বহিসহ যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য এবং মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত বিধি ৬ অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা রেজিস্ট্রার, মাদারীপুর-কে নির্দেশ প্রদান করা হলো।

স্বাঃ

(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫৮

জেলা রেজিস্ট্রার
মাদারীপুর।

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৪ জুন ২০২৬

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.০২০.৭২-৮০(১১)

বিতরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৪. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(উপর্যুক্ত আদেশটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৫. ম্যানেজার, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, আঞ্চলিক অফিস, ঢাকা।
৬. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭. সহকারী প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)।
৮. সাব-রেজিস্ট্রার, শিবচর, মাদারীপুর।
৯. অফিসার ইনচার্জ, শিবচর থানা, মাদারীপুর।
১০. জনাব মোঃ শাহ আলম (সাবেক নিকাহ রেজিস্ট্রার), শিবচর উপজেলার দ্বিতীয় খন্ড ইউনিয়ন এবং শিবচর পৌরসভা ৪ ও ৫ নং ওয়ার্ড, উপজেলাঃ শিবচর, জেলাঃ মাদারীপুর।
১১. অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ আবদুল ওয়াহাব)
সিনিয়র সহকারী সচিব
০২১০৬/২০২৬